



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
এইচডি মিডিয়া
www.a2i.gov.bd

ADC (ICT)

২৫/০৩/২৪

জরুরি

১১ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৫ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০১৭.৯৯.০০২.২৪.৩

বিষয়: ডব্লিউএসআইএস (WSIS) পুরস্কার-২০২৪ এ প্রাথমিকভাবে মনোনীত এটুআই-এর ৪টি প্রকল্পকে চূড়ান্তভাবে নির্বাচিত করার জন্য ভোট প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ-এর আওতায় বাস্তবায়নধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন করে চলেছে। বিগত সময়ে এটুআই-এর নানাবিধ উদ্ভাবনী উদ্যোগ বিভিন্ন আন্তর্জাতিক স্বীকৃতি অর্জন করেছে, যার মধ্যে ডব্লিউএসআইএস পুরস্কার অন্যতম। উল্লেখ্য বিগত ২০১৪ সাল থেকে এটুআই-এর নানা উদ্যোগ (ডিজিটাল সেন্টার, জাতীয় তথ্য বাতায়ন, মান্টিমিডিয়া টকিং বুক, ই-নথি, মুক্তপাঠ ইত্যাদি) নিয়মিতভাবেই ডব্লিউএসআইএস (WSIS) পুরস্কার অর্জন করেছে।

২। এরই ধারাবাহিকতায়, তথ্যপ্রযুক্তি খাতে বিশ্বের অন্যতম সম্মানজনক পুরস্কার ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS ২০২৪) পুরস্কারের জন্য মনোনীত এটুআই-এর ৪টি উদ্যোগ হচ্ছে ১। শিক্ষক বাতায়ন (ক্যাটাগরি ৪- ক্যাপাসিটি বিল্ডিং), ২। ই-কার্য গালিকা (ক্যাটাগরি ৭- ই-গভনমেন্ট), ৩। একশপ (ক্যাটাগরি ৮- ই বিজনেস), ৪। ন্যাশনাল ইন্টেলিজেন্স ফর ক্লিনস, এডুকেশন, এমপ্রয়মেন্ট এন্ড এন্টারপ্রেনারশীপ (নাইস) (ক্যাটাগরি ১১- ই ইমপ্রয়মেন্ট)।

৩। বিগত বছরগুলোর ন্যায় এখন শুধুমাত্র ভোটের মাধ্যমে সম্মানজনক এই পুরস্কার বাংলাদেশ অর্জন করতে পারে। প্রাথমিকভাবে মনোনীত এটুআই-এর ৪টি উদ্ভাবনী উদ্যোগকে চূড়ান্তভাবে বিজয়ী করতে এবং বিশ্বের অন্যান্য দেশের উদ্যোগের সাথে প্রতিযোগিতায় লড়াইয়ে শ্রেষ্ঠ অর্জনের জন্য ভোট প্রয়োজন। উক্ত প্রকল্পগুলোকে ভোট করতে একটি ইমেইল এ্যাক্সেস প্রয়োজন এবং খুব সহজেই অনলাইনে ভোট প্রদান করা সম্ভব। ভোট প্রদানের শেষ সময় আগামী ৩১ মার্চ, ২০২৪।

ভোট প্রদানের পদ্ধতি:

<https://www.itu.int/net4/wsis/stocktaking/Prizes/2024> ওয়েবসাইটে প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন (পাসওয়ার্ডে অন্তত একটি অক্ষর বড় হাতের ও অন্তত একটি সিম্বল থাকা আবশ্যিক)।

রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর ই-মেইল থেকে রেজিস্ট্রেশন নিশ্চিত করে vote>voting form অপশন ক্লিক করুন এবং

নিম্নোক্ত লিংক থেকে বিভিন্ন ক্যাটাগরিতে ভোট প্রদান করুন:

<https://www.itu.int/net4/wsis/stocktaking/Prizes/2024/Vote>

এছাড়া, এটুআই-এর ওয়েবসাইট, ইউটিউব চ্যানেল, ফেসবুক পেজ, টুইটার ও লিঙ্কডইন প্ল্যাটফর্ম থেকেও ভোট প্রদানের পদ্ধতি এবং অন্যান্য বিস্তারিত তথ্য জানা যাবে।

৪। এমতাবস্থায়, বিশ্বমঞ্চে আইসিটি খাতে বাংলাদেশের অবদানকে তুলে ধরতে এবং ডব্লিউএসআইএস (WSIS) পুরস্কার-২০২৪ এ প্রাথমিকভাবে মনোনীত এটুআই-এর ৪টি প্রকল্পকে চূড়ান্তভাবে বিজয়ী করতে ভোট প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৫-০৩-২০২৪

মোঃ মামুনুর রশীদ ভূঞা
প্রকল্প পরিচালক (যুগ্মসচিব)
৫৫০০৬৯৩১
pd@a2i.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। জেলা প্রশাসক (সকল) এবং

ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS ২০২৪) পুরস্কারের জন্য ভোট করার নিয়মাবলি

তথ্যপ্রযুক্তি খাতে বিশ্বের অন্যতম সম্মানজনক পুরস্কার ওয়ার্ল্ড সামিট অন ইনফরমেশন সোসাইটি (WSIS ২০২৪) পুরস্কারের জন্য মনোনীত হয়েছে এটুআই-এর তৈরি উদ্ভাবনী উদ্যোগ শিক্ষক বাতায়ন, নাইস, একশপ এবং ই-কার্যতালিকা। বিশ্বমঞ্চে আইসিটি খাতে বাংলাদেশের অবদানকে তুলে ধরতে সেবাগুলোকে ভোট করুন। আপনার মূল্যবান ভোটই পারে এই অনন্য উদ্যোগগুলোকে বিজয়ী করতে।

WSIS পুরস্কারের জন্য ভোট করার নিয়মাবলি:

<https://www.itu.int/net4/wsis/stocktaking/Prizes/2024> ওয়েবসাইটে প্রবেশ করে ই-মেইল দিয়ে রেজিস্ট্রেশন সম্পন্ন করুন। (পাসওয়ার্ডে অন্তত একটি অক্ষর বড় হাতের ও অন্তত একটি সিম্বল থাকা আবশ্যিক)

রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর ই-মেইল থেকে রেজিস্ট্রেশন নিশ্চিত করে লগইন করুন এবং Vote অপশনে ক্লিক করার পর আপনি Voting Form নামক আরও একটি অপশন দেখতে পাবেন, এখানে ক্লিক করুন।


ডপডাউন মেন্যুর Category 4 - AL C4. Capacity building এর অপশনগুলো থেকে তালিকায় ১৭তম শিক্ষক বাতায়ন (Teachers' Portal) প্রকল্পকে ভোট করুন।

আবার ডপডাউন মেন্যু থেকে Category 7 - AL C7. ICT applications: benefits in all aspects of life - E-government এর অপশনগুলো থেকে তালিকায় ৫ম ই-কার্যতালিকা (e-Causelist for the Judiciary of Bangladesh) প্রকল্পকে ভোট করুন।

একইভাবে ডপ ডাউন মেন্যু থেকে Category 8 - AL C7. ICT applications: benefits in all aspects of life - E-business এর অপশনগুলো থেকে তালিকায় ১০ম একশপ (ekShop) প্রকল্পকে ভোট করুন।

সর্বশেষ ডপ ডাউন মেন্যু থেকে Category 11 - AL C7. ICT applications: benefits in all aspects of life - E-employment এর অপশনগুলো থেকে তালিকায় ১২তম নাইস (National Intelligence for Skills, Education, Employment & Entrepreneurship - NISE) প্রকল্পকে ভোট করুন।

ভোট করার সময়সীমা: ৩১ মার্চ ২০২৪ পর্যন্ত



বিস্তারিত জানতে:

এটুআই-এর ওয়েবসাইট লিংক: <https://a2i.gov.bd/>

এটুআই-এর ফেসবুক পেজ লিংক: <https://www.facebook.com/a2iBangladesh>

এটুআই-এর ইউটিউব লিংক: <https://www.youtube.com/@a2ibangladesh>

এটুআই-এর টুইটার লিংক: https://twitter.com/a2i_bd

এটুআই-এর লিংকডইন লিংক: <https://www.linkedin.com/in/a2ibangladesh/>